

স্মারক নং: ৩৮.০০.০০০০.১০৭.১৮.০০২.২০১৭-৮১২

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৯  
৮ জুন ২০২২

অফিস আদেশ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর ০৯/০৩/২০১৪ তারিখের ৩৮.০০৮.০৩৫.০০.০০.০১০.২০১৩-১১১ নং স্মারকে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের পদমর্যাদা ৩য় শ্রেণি থেকে ২য় শ্রেণিতে উন্নীতকরণপূর্বক বেতনস্কেল ১১ নং গ্রেড ও ১২ নং গ্রেডে উন্নীত করা হয়েছে। ফলে চিকিৎসাসহ জরুরী কারণে প্রধান শিক্ষকগণের বহিঃ বাংলাদেশ ছুটি গ্রহণের প্রয়োজন হলে তাতে মহাপরিচালক-এর অনুমোদন গ্রহণ করতে হয়। এ প্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কাজে প্রশাসনিক গতিশীলতা আনয়ন, সেবার মান উন্নয়ন এবং সেবা সহজতর করার লক্ষ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ৮/১২/২০২১ তারিখের ৩৮.০০.০০০০.১০৭.১৮.০০২.২০১৭-১৬৮৯ নং স্মারকে প্রধান শিক্ষকগণের সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরের ক্ষমতা নিম্নেবর্ণিত শর্তে সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক-এর নিকট ন্যস্ত করা হয়েছিল। এ বিষয়ে সেবা আরও সহজতর করার লক্ষ্যে একই শর্তে পবিত্র হজ্জু পালনের ক্ষেত্রে প্রধান শিক্ষকগণের ৫০ (পঞ্চাশ) দিন পর্যন্ত বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর করার ক্ষমতা বিভাগীয় উপপরিচালকগণের উপর ন্যস্ত করা হলো।

০২। শর্তাবলী :

- ক. আবেদনকারীর ছুটির হিসাবে ছুটি পাওনা থাকতে হবে;
- খ. ছুটিতে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে;
- গ. বর্ণিত প্রধান শিক্ষক বাংলাদেশে প্রত্যাবর্তনের পরে অনতিবিলম্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারের নিকট রিপোর্ট করবেন;
- ঘ. বিদেশ গমন ও অবস্থানের জন্য সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না;
- ঙ. তিনি ছুটিকালীন সময়ের বেতন-ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রাপ্য হবেন;
- চ. তিনি নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- ছ. অনুমোদিত বহিঃ বাংলাদেশ ছুটি পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন-ভাতাদি প্রাপ্য হবেন না;
- জ. অনুমোদিত ছুটি ভোগের পরে নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

স্বা.

আলমগীর মুহাম্মদ মনসুরুল আলম  
মহাপরিচালক (গ্রেড-১)  
ফোন - ৫৫০৭৪৭৭৭

ই-মেইল- dgprimarybd@gmail.com

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ১। সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (সকল)/সিস্টেম ম্যানেজার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
- ৫। চীফ অডিট এন্ড একাউন্টস অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)/ সুপারিনটেনডেন্ট পিটিআই (সকল)
- ৮। জেলা হিসাবরক্ষণ অফিসার (সকল), ..... জেলা. ....
- ৯। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), ..... উপজেলা. ....
- ১০। উপজেলা/থানা হিসাবরক্ষণ অফিসার (সকল), ..... উপজেলা. ....
- ১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১২। অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি-৪) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ১৩। সংরক্ষণ নথি।

৩০/৬/২২

মৌঃ নজরুল ইসলাম  
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)